

সুনাম ও শেয়ারের মূল্যায়ন


Valuation of Goodwill and Share



ভূমিকা


Introduction

একটি প্রতিষ্ঠান যখন গড়ে ওঠে তখনই তার উদ্দেশ্য ও কার্যক্রম সঠিক ভাবে নির্ধারণ করে থাকে। এক বছর পরে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী তৈরি করা হয়। সেখান থেকে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি যাচাই করা হয়। দীর্ঘ দিন ধরে এভাবে একটি প্রতিষ্ঠান পরিচালিত হতে থাকে, বিনিময়ে সে সুনাম অর্জন করতে থাকে। আবার, যেকোনো প্রতিষ্ঠান ভবিষ্যতে চলমান থাকবে এ ধারণা থেকেই গড়ে ওঠে। একটি প্রতিষ্ঠানের দৃশ্যমান সম্পত্তির পাশাপাশি কিছু অদৃশ্যমান ও অস্পর্শনীয় সম্পত্তি থাকে। এ অদৃশ্য সম্পত্তির একটি হলো সুনাম, যেটা একটি কোম্পানি অন্য একটি কোম্পানিকে ক্রয় করার ক্ষেত্রে বা একীভূত করার ক্ষেত্রে মূল্যায়ন করতে হয়।

	ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ
---	---------------------	---------------------------------------

এ ইউনিটের পাঠসমূহ

- পাঠ ২.১ : সুনামের সংজ্ঞা, প্রকৃতি ও প্রকারভেদ
- পাঠ ২.২ : সুনাম মূল্যায়নের প্রয়োজনীয়তা ও প্রভাব বিস্তারকারী উপাদান
- পাঠ ২.৩ : সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহ
- পাঠ ২.৪ : শেয়ার মূল্যায়নের সংজ্ঞা, প্রয়োজনীয়তা ও প্রভাব বিস্তারকারী উপাদান
- পাঠ ২.৫ : শেয়ার মূল্যায়নের পদ্ধতি

	মূখ্য শব্দ	সুনাম, শেয়ার, অভিহিত মূল্য, সুনাম মূল্যায়ন, শেয়ার মূল্যায়ন, পেটেন্ট ও ট্রেডমার্ক, অস্পর্শনীয় সম্পত্তি, গড় মুনাফা।
---	------------	---

পাঠ-২.১

সুনামের সংজ্ঞা, প্রকৃতি ও প্রকারভেদ

Definition, Nature and Types of Goodwill



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সুনাম কী তা বলতে পারবেন।
- সুনাম মূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ সম্পর্কে বলতে পারবেন।
- কীভাবে সুনাম ও শেয়ার মূল্যায়ন করা হয়, তার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।



সুনামের সংজ্ঞা

Definition of goodwill

সুনাম হলো কারবার প্রতিষ্ঠানের একটি অস্পর্শনীয় সম্পত্তি। অতিমুনাফা অর্জনের ক্ষমতাই হলো ব্যবসায়ের সুনাম। প্রতিষ্ঠানের সেবার উৎকর্ষতা, গুণাগুণ, সুবিধাজনক অবস্থান, মালিক ও পরিচালকের কর্মক্ষমতা, ব্যক্তিগত সুখ্যাতি, সুন্দর ব্যবহার, সুন্দর কর্ম পরিবেশ ইত্যাদির বিনিময়ে ব্যবসায়ের ক্রেতা, বিক্রয় ও মুনাফার পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায় এবং ব্যবসায় প্রতিষ্ঠান জনসাধারণের নিকট আস্থাভাজন হয়। মোট কথা হলো, যখন প্রতিষ্ঠান স্বাভাবিক মুনাফা অপেক্ষা অধিক মুনাফা অর্জনের সামর্থ্য হয়, এ অধিক মুনাফা অর্জনের ক্ষমতাই হলো প্রতিষ্ঠানের সুনাম।

সুনামের প্রকৃতি

Nature of goodwill

সুনাম একটি অদৃশ্য সম্পত্তি কিন্তু অলীক বা কাল্পনিক সম্পত্তি নয়। কারণ সুনামের বিনিময় বা বাজার মূল্য আছে কিন্তু অলীক সম্পত্তির বিনিময় বা বাজার মূল্য নেই। তবে ব্যবসায়ের সুনাম একটি বহু আলোচিত ও বিতর্কিত বিষয়। কারণ প্রতিষ্ঠানের নিট ক্ষতি হওয়া সত্ত্বেও সুনামকে উদ্বৃত্তপত্রে সম্পদ হিসেবে প্রদর্শন করা হয়। সুনাম অনেক সময় দৃশ্যমান সম্পত্তির চেয়ে অনেক মূল্যবান সম্পত্তি হিসেবে প্রতীয়মান হয়ে থাকে। ব্যবসায়ের প্রত্যাশিত স্বাভাবিক আয়ের অতিরিক্ত আয়ের ধারণাই সুনাম হিসেবে দেখানো হয়।

লর্ড মেগনাটন এর মতে, কোনো প্রতিষ্ঠানের সুনাম বলতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কারবারি জগতে ঐ প্রতিষ্ঠানের খ্যাতি বা ক্রেতাদের সাথে তার ঘনিষ্ঠতাজনিত সুবিধাকে বোঝায়। তার মতে, এ সুনামের দ্বারাই কোনো একটি সুপ্রতিষ্ঠিত কারবারকে অন্য একটি প্রতিষ্ঠান হতে আলাদা করা যায়। কাজেই একটি প্রতিষ্ঠানের সুনামের প্রকৃতি উক্ত প্রতিষ্ঠানের অবস্থান, প্রতিষ্ঠানের প্রকার, কর্ম পরিবেশ, গুণাগুণ এবং কি ধরনের ক্রেতার সাথে সম্পর্কিত ইত্যাদির উপরই নির্ভর করে। ক্রেতাদের আচরণ বিভিন্ন প্রকারের হতে পারে। আবার মালিক ও কর্মচারীদের ব্যক্তিত্বও এ ক্ষেত্রে অন্যতম ভূমিকা পালন করে থাকে। তাই সুনামের প্রকৃতি প্রতিষ্ঠান ভেদে বিভিন্ন প্রকারের হয়ে থাকে।

সুনামের প্রকারভেদ

Types of goodwill

একটি প্রতিষ্ঠানে সুনাম হলো অস্পর্শনীয় স্থায়ী সম্পত্তি। একেক প্রতিষ্ঠান একেক কারণে সুনামের অধিকারী হয়ে থাকে। সুনামকে বিভিন্ন ভাবে শ্রেণিবিভাগ করা যায়, যা নিম্নে উল্লেখ করা হলো :

- (ক) **ঐতিহ্যগত সুনাম** : বহুদিন দিন ধরে কারবার পরিচালিত হলে অর্থাৎ প্রতিষ্ঠান অনেক পুরোনো হলে ভোক্তাদের মধ্যে উক্ত প্রতিষ্ঠানের উপর আস্থা-বিশ্বাস তৈরি হয়। এ আস্থা-বিশ্বাস তৈরি হওয়ার কারণে সুনাম সৃষ্টি হয়।
- (খ) **অবস্থানগত সুনাম** : একটি নির্দিষ্ট বাজারে বা নির্দিষ্ট স্থানে বা নির্দিষ্ট এলাকায় একই ধরনের পণ্য বহু দিন যাবত পাওয়া গেলে ভোক্তাদের মধ্যে উক্ত পণ্য প্রাপ্যতার বিশ্বাস তৈরি হয়। ফলে প্রতিষ্ঠানের সুনাম সৃষ্টি হয়।
- (গ) **পণ্যের সুনাম** : কোনো প্রতিষ্ঠান যদি দীর্ঘদিন ধরে গুণগত পণ্য সরবরাহ করে, তাহলে উক্ত পণ্য ব্রান্ড হিসেবে ভোক্তাদের কাছে পরিচিত হয়ে ওঠে। তাতে প্রতিষ্ঠানের সুনাম সৃষ্টি হয়।
- (ঙ) **পরিচালনাগত সুনাম** : ব্যবস্থাপক বা পরিচালকমণ্ডলী দক্ষতা ও অভিজ্ঞতার সাথে কারবার পরিচালনা করলে প্রতিষ্ঠান ব্যবসায়িকভাবে সফল হয় এবং সুনাম তৈরি হয়।
- (চ) **ব্যক্তিগত সুনাম** : প্রতিষ্ঠানের কোনো দক্ষ কর্মচারী, কর্মকর্তা বা সুপরিচিত মালিক পক্ষের বিশেষ কোনো সুপরিচিতির কারণে অনেক সময় সুনাম সৃষ্টি হয়।



সারসংক্ষেপ :

সুনাম হলো প্রতিষ্ঠানের অস্পর্শনীয় স্থায়ী সম্পত্তি, যা প্রতিষ্ঠানের পণ্যের মান, সেবা, দক্ষ কর্মকর্তা, কর্মচারী এবং ভোক্তাদের উপর নির্ভর করে। সুনাম কয়েক রকমের হয়ে থাকে, যথা: ঐতিহ্যগত সুনাম, অবস্থানগত সুনাম, পণ্যের সুনাম, পরিচালনাগত সুনাম, ব্যক্তিগত সুনাম ইত্যাদি।

পাঠ-২.২

সুনাং মূল্যায়নের প্রয়োজনীয়তা ও প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

Necessities of and Factors Affecting the Valuation of Goodwill



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সুনাং মূল্যায়নের প্রয়োজনীয়তা কী তা বলতে পারবেন।
- সুনাং মূল্যায়নের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ কী কী তা ব্যাখ্যা করতে পারবেন।



সুনাং মূল্যায়নের প্রয়োজনীয়তা

Necessities of the valuation of goodwill

সুনাং অস্পর্শনীয় সম্পত্তি হলেও একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক বা পরিচালনা পর্ষদ কতটুকু দক্ষতা, অভিজ্ঞতা ও সুখ্যাতির সাথে কারবার পরিচালনা করেছে তা জানার জন্যই সুনাং মূল্যায়ন করা দরকার। এছাড়া কোম্পানির ক্ষেত্রে নিম্নলিখিত অবস্থায় সুনাং মূল্যায়নের প্রয়োজনীয়তা দেখা দেয় :

- একটি কোম্পানি অন্য কোম্পানিকে ক্রয় করলে,
- কোনো কোম্পানি এক বা একাধিক কোম্পানির সাথে একত্রিত হলে,
- কোম্পানির শেয়ারের বাজার মূল্য তালিকায় অন্তর্ভুক্ত না থাকলে বিভিন্ন কর নির্ধারণের জন্যে,
- অবলোপনকৃত সুনাংের মূল্য হিসাবের বহিতে পুনরায় লিপিবদ্ধ করতে হলে এবং
- নতুন কোনো অংশীদার কারবারে প্রবেশ করলে সুনাং মূল্যায়ন করতে হয়।

সুনাং মূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

Factors affecting the valuation of goodwill

কোনো প্রতিষ্ঠানে বেশি মুনাফা অর্জন করার ক্ষেত্রে সুনাং ভূমিকা রাখে। যে সকল উপাদান প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধি করতে সাহায্য করে সেগুলোই হলো সুনাং মূল্যায়নের প্রভাব সৃষ্টিকারী উপাদান, যা নিম্নে আলোচনা করা হলো:

- অবস্থান :** কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের ভৌগলিক অবস্থানের উপর নির্ভর করে উক্ত প্রতিষ্ঠানের পণ্যের বিক্রয় বৃদ্ধি পায়, যায় ফলে মুনাফার পরিমাণও বৃদ্ধি পায়। তাই প্রতিষ্ঠানের ভৌগলিক অবস্থান সুনাং মূল্যায়নে অগ্রণি ভূমিকা রাখে।
- পণ্যের প্রকৃতি :** যে কোনো প্রতিষ্ঠানের তৈরিকৃত পণ্য বা সরবরাহকৃত পণ্যের যদি প্রতিযোগী পণ্য বাজারে না থাকে, তাহলে উক্ত প্রতিষ্ঠানের পণ্যের চাহিদা একচেটিয়া বৃদ্ধি পায়, ফলে পণ্যের বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়। তাই পণ্যের প্রকৃতির উপর প্রতিষ্ঠানের সুনাং মূল্যায়নে প্রভাব সৃষ্টি করে।
- সময় :** নতুন প্রতিষ্ঠানের চেয়ে পুরানো প্রতিষ্ঠান ভোক্তাদের কাছে বেশি পরিচিত। তাই পুরাতন প্রতিষ্ঠান, নতুন প্রতিষ্ঠানের চেয়ে বেশি মুনাফা অর্জন করতে সক্ষম হয়। তাই সুনাং মূল্যায়নের ক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মকাল একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।
- দক্ষ ব্যবস্থাপনা :** একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক বা পরিচালক মঞ্জুরী দক্ষতা উক্ত প্রতিষ্ঠানের সমস্ত কার্যাবলি সুনিপুন ভাবে পরিচালিত হতে সাহায্য করে। প্রতিষ্ঠানের অন্যান্য জনবল, সময়, ব্যয় নিয়ন্ত্রণ ইত্যাদি কাজে লাগিয়ে প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধি করতে পারে। ফলে প্রতিষ্ঠানের সুনাংও বৃদ্ধি পেয়ে থাকে।

- (ঙ) **পেটেন্ট ও ট্রেডমার্ক** : প্রতিষ্ঠানের পেটেন্ট, ট্রেডমার্ক ও নামডাক ভোক্তাদের কাছে পরিচিত হলে ভোক্তারা বাজারে খাঁটি বা ভেজাল পণ্য চিহ্নিত করতে পারে। তাই ভালো পরিচিতির কারণে ভোক্তারা ভাল পণ্যের সুনির্দিষ্ট পেটেন্ট ও ট্রেডমার্ক বাজার থেকে বেছে নিতে পারে। এ কারণে বিক্রয় এবং মুনাফা বৃদ্ধি পায়, ফলে প্রতিষ্ঠানের সুনামও বৃদ্ধি পায়।
- (চ) **মূলধন** : যে কোনো প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মূলধনের পরিমাণ উক্ত প্রতিষ্ঠানের সকল কার্যবলির প্রাণ শক্তি। প্রয়োজনের তুলনায় মূলধন কম হলে প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যাবলি বাধাগ্রস্ত হবে। কারবারের কাঙ্ক্ষিত মুনাফা যদি কম পরিমাণ মূলধন ব্যবহার করে অর্জিত হয়, তাহলে উক্ত প্রতিষ্ঠান ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগিতা করতে পারবে। এ কারণেই সুনাম মূল্যায়নে মূলধন প্রভাব বিস্তারকারি একটি উপাদান।



সারসংক্ষেপ :

সুনাম মূল্যায়নের মাধ্যমে একটি প্রতিষ্ঠানের কর্মচারী, কর্মকর্তা এবং ব্যবস্থাপক মঞ্জুলী যাচাই করা যায়। প্রতিষ্ঠানের অবস্থান, প্রকারভেদ, কর্ম পরিবেশ, গুণাগুণ এবং ক্রেতার ধরন ইত্যাদির উপর নির্ভর করে সুনাম মূল্যায়ন করা হয়।

পাঠ-২.৩

সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহ

Methods of Goodwill Valuation



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহ বলতে পারবেন।
- সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহের মাধ্যমে গাণিতিক সমস্যা সমাধান করে সুনামের মূল্য নির্ধারণ করতে পারবেন।



সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহ

Methods of goodwill valuation

সুনাম একটি অদৃশ্য সম্পত্তি। এটি ধরা বা ছোঁয়া যায় না। তবে এর মূল্য নির্ধারণ করা যায়। সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে সুনামের মূল্য নির্ধারণ করা হয় :

- ক) সালিশি ব্যবস্থা পদ্ধতি (Arbitrary assessment method)
- খ) ভবিষ্যতের প্রত্যাশিত নিট মুনাফা পদ্ধতি (Capitalization of expected future profit method)
- গ) অতীত গড় মুনাফার বর্ষ গুণন পদ্ধতি (Certain years purchase of past average profit method)
- ঘ) অতি মুনাফাভিত্তিক পদ্ধতি (Super profit method)
- ঙ) বার্ষিক পদ্ধতি (Annuity Method)

সুনাম মূল্যায়নের পদ্ধতিসমূহ নিম্নে বিস্তারিত আলোচনা করা হলো :

ক) সালিশি ব্যবস্থা পদ্ধতি (Arbitrary assessment method) : কোনো কারবার প্রতিষ্ঠান ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতা বা বিক্রেতা অথবা উভয়ই, বিশেষ ক্ষেত্রে তাদের নির্বাচিত কোনো তৃতীয় ব্যক্তি, উক্ত প্রতিষ্ঠানের সুনামের মূল্যায়ন করে থাকেন এবং সংশ্লিষ্ট পক্ষদ্বয় এ মূল্যায়ন মেনে নেন। একেই সালিশী ব্যবস্থায় সুনামের মূল্য নির্ধারণ পদ্ধতি বলা হয়। প্রতিষ্ঠানের অর্জিত আয়ের ক্ষমতা সম্পর্কীয় উপাত্তসমূহের উপর ভিত্তি করে এক্ষেত্রে সুনামের মূল্যায়ন করা হয়। উল্লেখ্য যে, বিক্রিত প্রতিষ্ঠানের মুনাফার সঠিক তথ্য পাওয়া না গেলে অথবা অতিমুনাফা ও কম মুনাফা অর্জিত হলে সুনাম মূল্যায়ন সঠিক হবে না।

খ) ভবিষ্যতের প্রত্যাশিত নিট মুনাফার মূল্যায়ন পদ্ধতি (Capitalization of expected future profit method):

এ পদ্ধতি অনুসারে প্রথমে প্রতিষ্ঠানের নিট সম্পত্তি অথবা গড় নিয়োজিত মূলধন নির্কপন করতে হয়। দ্বিতীয় ধাপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গড় প্রকৃত মুনাফা অথবা মূলধনের উপর অর্জিত মুনাফার গড় নির্ধারণ করতে হয়। তৃতীয় ধাপে সংশ্লিষ্ট কারবারের ঐ গড় প্রকৃত মুনাফা অথবা মূলধনের উপর অর্জিত মুনাফার গড় এবং একই জাতীয় কারবারের স্বাভাবিক মুনাফার হারে উপার্জন করতে হলে, নিয়োজিত মূলধনের পরিমাণ কত হওয়া উচিত, তা নির্ণয় করতে হবে। প্রকৃত গড়, বিনিয়োগকৃত মূলধনের তুলনায় এ নির্ধারিত মূলধনের পরিমাণ যত বেশি তাহাই হলো সংশ্লিষ্ট কারবারের সুনামের মূল্য।

Example : Following is the Balance Sheet of Titas Limited as on 31st December, 2018.

Liabilities	Taka	Assets	Taka
Share capital	14,00,000	Goodwill	1,00,000
General reserve	1,00,000	Land and building	2,50,000
Profit and loss A/c	1,15,000	Plant and equipment less dep.	2,70,000
Bank overdraft	1,30,000	Debtors	2,80,000
Provisions for taxation	85,000	Closing stock	11,00,000
Creditors	1,70,000		
Total	<u>20,00,000</u>	Total	<u>20,00,000</u>

Profit earned by the company before provisions are as follows:

<u>Year</u>	<u>Profit (Tk.)</u>
2013	3,10,000
2014	4,05,000
2015	4,00,000
2016	4,10,000
2017	4,20,000

Provision for taxations may be made at 50%. Fair returned on capital employed in similar business may be taken at 10%.

You are required to ascertain the value of goodwill of the business using the capitalization method.

Solution :

$$\begin{aligned} \text{Average profit before tax} &= (3,10,000+4,05,000+4,00,000+4,10,000+4,20,000) \div 5 \\ &= 19,45,000 \div 5 \\ &= \text{Tk. } \underline{3,89,000} \end{aligned}$$

$$\text{Less: Income tax } (3,89,000 \times 50\%) \quad \text{Tk. } \underline{1,94,500}$$

$$\text{Average earned profit after tax} \quad = \text{Tk. } 1,94,500$$

$$\text{Capitalization value of average profit} = (1,94,500 \times 100) \div 10 = \text{Tk. } 19,45,000$$

$$\text{Value of assets excluding goodwill} = (20,00,000 - 1,00,000) = \text{Tk. } \underline{19,00,000}$$

Less:	Creditors	Tk. 1,70,000
	Bank overdraft	1,30,000
	Provisions for taxation	<u>85,000</u>
		Tk. <u>3,85,000</u>

$$\text{Net assets} \quad = \text{Tk. } 15,15,000$$

$$\text{So, the value of goodwill} = (\text{Capitalization value of average profit} - \text{Net assets})$$

$$= (19,45,000 - 15,15,000)$$

$$= \text{Tk. } 4,30,000$$

গ) অতীত গড় মুনাফার বর্ষগুণন পদ্ধতি (**Certain years purchase of past average profit method**) : বিগত কয়েক বছরের অর্জিত মুনাফার গড়কে এক বা একাধিক বছরের সংখ্যা দ্বারা গুণ করে সুনামের মূল্য নির্ণয় করা হয়। এটি সকলের কাছে সহজ বলে বেশির ভাগ ক্ষেত্রে এ পদ্ধতি ব্যবহার হয়ে থাকে। বছরসমূহের লাভ বা ক্ষতির মধ্যে অস্বাভাবিক কারণ জনিত কোনো লাভ বা ক্ষতি থাকলে তা যথাক্রমে বিয়োগ বা যোগ করে গড় মুনাফা বের করতে হয়। কত বছরের ভিত্তিতে গড় মুনাফা বের করতে হবে এবং সেই মুনাফাকে কত সংখ্যা দ্বারা গুণ করতে হবে সে সম্পর্কে কোনো নির্ধারিত নিয়ম নেই। এটি সংশ্লিষ্ট পক্ষের উপর নির্ভর করে।

Example : Jarin Limited agreed to takeover the business of Jeba Limited with effect from 1st January 2018. The purchasing company agreed to pay for the assets as per book value and also to pay for goodwill to be calculated at 4 times of the average net profit of the last five years. Profits for the year 2013 to 2017 were Tk. 50,000; Tk. 48,000; Tk. 56,000; Tk. 60,000; and Tk. 38,000 respectively. In 2017, there was an abnormal loss of Tk. 20,000 due to loss of stock by theft. Calculate the amount to be paid for goodwill.

Solution : Amount of total profit:

In the year 2013	Tk. 50,000
2014	48,000
2015	56,000
2016	60,000
2017	38,000
Abnormal loss in the year 2017	<u>20,000</u>
Amount of total profit:	Tk. 2,72,000

Amount of average profit: Tk. 2,72,000 ÷ 5 = Tk. 54,400

So, goodwill at 4 times of the average profit = 54,400 × 4 = Tk. 2,17,600

ঘ) অতি মুনাফাভিত্তিক পদ্ধতি (Super profit method) : এ পদ্ধতিতে প্রথমে সংশ্লিষ্ট কারবারের নিয়োজিত গড় মূলধনের পরিমাণ বের করতে হয়। দ্বিতীয় ধাপে কয়েক বছরের গড় অর্জিত মুনাফা বের করতে হবে। তৃতীয় ধাপে একই জাতীয় কারবারের স্বাভাবিক মুনাফার হারের ভিত্তিতে ঐ ব্যবসায় নিয়োজিত গড় মূলধনের জন্য স্বাভাবিক মুনাফা কত হওয়া প্রয়োজন তা নিরূপণ করতে হবে। চতুর্থ ধাপে প্রাপ্ত গড় অতি মুনাফা হতে প্রাপ্ত স্বাভাবিক মুনাফা বিয়োগ করলেই কারবারের গড় অতি মুনাফার পরিমাণ বের হবে। পঞ্চম ধাপে প্রাপ্ত গড় অতি মুনাফার পরিমাণকে পক্ষদ্বয়ের চুক্তি অনুযায়ী নির্দিষ্ট বছরের সংখ্যা দ্বারা গুণ করে সুনামের মূল্য বের করা যায়। এখানে উল্লেখ্য যে, অতি মুনাফা নির্ণয়ের ক্ষেত্রে তিনটি বিষয় বিবেচনায় আনতে হবে যথা: স্বাভাবিক লাভের হার, গড় বা প্রকৃত লাভ এবং নিয়োজিত গড় মূলধন।

Example 1 : Karim Limited decides to takeover the business of Rahim Limited agreeing to pay for goodwill on the basis of 4 times of the average super profit of the last five years. From the following information, calculate the amount to be paid for goodwill.

Average capital employed in Rahim Limited is Tk. 25,00,000, similar companies carrying on similar business normally earn 12% on average capital employed. Profits of Rahim Limited for last 5 years are : Tk. 4,06,000; Tk. 4,46,000; Tk. 4,86,000; Tk. 5,06,000; and Tk. 5,56,000 respectively.

Solution : Average profit = Tk. (4,06,000 + 4,46,000 + 4,86,000 + 5,06,000 + 5,56,000) ÷ 5
= Tk. 24,00,000 ÷ 5
= Tk. 4,80,000

Normal profit @12% on Tk. 25,00,000 = Tk. 3,00,000

Average super profit = Tk.(4,80,000 - 3,00,000) = Tk. 1,80,000

So, goodwill at 4 times of the average super profit = Tk. 1,80,000 × 4 = Tk. 7,20,000

Example 2 : There are some information available for the business of Arif Ltd.

1. Capital Invested Tk. 90,000

2. Trading profit are as follows :

Year	Profit/loss	Tk.
2015	Profit	35,000
2016	Profit	27,000
2017	Loss	5,000
2018	Profit	43,000

3. Market rate of interest on investment is 7%.

4. Rate of risk return on capital investment is 3%.

5. Remuneration Tk. 5,000 per year from alternative profession of the owner.

Requirement : a) Calculate the average profits of the last four years

b) Calculate the value of goodwill of the business on the basis of three years purchase of super profits.

Solution : Total of four years profit and loss:

$$= \text{Tk. } \{35,000 + 27,000 + (-5,000) + 43,000\} = \text{Tk. } 1,00,000.$$

Average profit is = Tk. $1,00,000 \div 4 = \text{Tk. } 25,000$

Income from capital investment = Tk. $90,000 \times (7\%+3\%) = \text{Tk. } 9,000$

So, the super profit = Average profit – Owner remuneration – Income from investment)

$$= \text{Tk. } (25,000 - 5,000 - 9,000)$$

$$= \text{Tk. } 11,000.$$

The value of goodwill on the basis of super profit = Tk. $11,000 \times 3 = \text{Tk. } 33,000.$

ঘ) বার্ষিক পদ্ধতি (Annuity Method) : অতি মুনাফাভিত্তিক পদ্ধতির মতোই বার্ষিক পদ্ধতিতেও সুনাম নির্ণয় করা হয়। সুনামের মূল্য বাবদ যে অর্থ পরিশোধ করা হয়, সেই অর্থ অন্য ক্ষেত্রে বিনিয়োগ করলে যে মুনাফা বা সুদ পাওয়া যায়, তার মাধ্যমে বার্ষিক পদ্ধতিতে সুনামের মূল্য নির্ণয় করা হয়।

আমরা উদাহরণ হিসেবে বলতে পারি যে, একটি প্রতিষ্ঠানে গড় অতি মুনাফার পরিমাণ ৫০,০০০ টাকা এবং সুনামের মূল্য গড় অতি মুনাফার ৫ গুণ। এক্ষেত্রে ক্রেতা সুনাম বাবদ $৫০,০০০ \times ৫ = ২,৫০,০০০$ টাকা পরিশোধ করবে। মনে করা হলো যে, ক্রেতা প্রতি বছরে ৫০,০০০ টাকা অতি মুনাফা হিসাবে ৫ বছর ধরে ফেরত পাবে। কিন্তু সে যদি উক্ত ২,৫০,০০০ টাকা অন্য ক্ষেত্রে বিনিয়োগ করতো তাহলে তিনি ১০% সুদ পাবেন। বার্ষিক পদ্ধতিতে সুনামের মূল্য নিম্নের সূত্রের সাহায্যে নির্ণয় করা যায় :

$$V = \frac{a}{i} \left[1 - \frac{1}{(1+i)^n} \right]$$

এখানে

$v =$ সুনামের মূল্য, $a =$ অতি মুনাফার গড়, $i =$ সুদের হার, $n =$ বছরের সংখ্যা

Example-1 : From the following particulars, calculate the value of goodwill by the annuity method:

- Supper profit Tk. 55,000
- Number of years purchase 3
- Rate of interest 10%

Solution :

$$\begin{aligned} \text{Value of Goodwill (v)} &= \frac{a}{i} \left[1 - \frac{1}{(1+i)^n} \right] \\ &= \frac{55,000}{.10} \left[1 - \frac{1}{(1+.10)^3} \right] \\ &= 5,50,000 \left[1 - \frac{1}{1.331} \right] \\ &= 5,50,000 \times .2486852 \\ &= \text{Tk. } 1,36,777 \text{ (Ans.)} \end{aligned}$$

নোট : কোনো ক্ষেত্রে ১ টাকার Annuity একটি নির্দিষ্ট সময় পরে কত টাকা হবে তা দেওয়া থাকলে super profit কে Annuity value দিয়ে গুণ করলেই goodwill পাওয়া যাবে।

Example-2 : The net profits of a company after providing for taxation for past five years are: Tk. 40,000, Tk. 50,000, Tk. 30,000, Tk. 70,000 and Tk. 80,000. Net tangible assets in the business is Tk. 4,00,000 on which normal rate of return is expected to be 10%. It is also expected that the company will be able to maintain its super profits for next five years.

Calculate value of goodwill of the business on the basis of an annuity of super profits, taking the present value of an annuity of one Tk. for 5 years at 10% interest is Tk. 3.78.

Solution :

(i) Calculation of average profit:

$$\begin{aligned} \text{Average profits} &= \frac{\text{Tk.}(40,000 + 50,000 + 30,000 + 70,000 + 80,000)}{5} \\ &= \text{Tk. } 54,000 \end{aligned}$$

(ii) Calculation of super profits:

Average profits	Tk. 54,000
less: Normal return on capital employed (Tk. 4,00,000×10%)	Tk. <u>40,000</u>
Super profits	Tk. <u>14,000</u>

$$\begin{aligned} \text{Goodwill} &= \text{Super profit} \times \text{Value of annuity} \\ &= \text{Tk. } 14000 \times 3.78 \\ &= \text{Tk. } 52,920 \text{ (Ans.)} \end{aligned}$$

Example-3 : The net profit of XY Company after providing taxation for past 5 years are: Tk. 4,00,000, Tk. 5,50,000, Tk. 3,00,000, Tk. 7,50,000 and Tk. 9,00,000.

The net tangible assets of the business is Tk. 41,00,000 on which normal rate of return is expected to be 10%. It is also expected that the company will be able to maintain its super profits for next five years.

Requirements : Calculate the value of goodwill using annuity method.

Solution:

$$\begin{aligned} \text{(i) Average Profits} &= \frac{\text{Tk.}(4,00,000 + 5,50,000 + 3,00,000 + 7,50,000 + 9,00,000)}{5} \\ &= \text{Tk. } 5,80,000 \end{aligned}$$

(ii) Calculation of super Profit

Average profit	Tk. 5,80,000
(-) Normal return on capital employed @10% of Tk. 41,00,000	Tk. <u>4,10,000</u>
	Tk. <u>1,70,000</u>

We Know,

$$\begin{aligned}
 \text{Goodwill (v)} &= \frac{a}{i} \left[1 - \frac{1}{(1+i)^n} \right] \\
 &= \frac{1,70,000}{.10} \left[1 - \frac{1}{(1+.10)^5} \right] \\
 &= 17,00,000 \left[1 - \frac{1}{1.61051} \right] \\
 &= 17,00,000 [0.379078676] \\
 &= \text{Tk. } 6,44,434 \text{ (Ans.)}
 \end{aligned}$$



সারসংক্ষেপ :

প্রতিষ্ঠানের সুনামের মূল্য নির্ধারণের ক্ষেত্রে আমরা সালিশি ব্যবস্থা পদ্ধতি, ভবিষ্যতের প্রত্যাশিত নিট মুনাফা পদ্ধতি, অতীত গড় মুনাফার বর্ষ গুণন পদ্ধতি, অতি মুনাফাভিত্তিক পদ্ধতি এবং বার্ষিক পদ্ধতি প্রয়োগ করে থাকি।

পাঠ-২.৪

শেয়ার মূল্যায়নের প্রয়োজনীয়তা ও প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ
Necessities of and Factors Affecting the Valuation of Share

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- শেয়ার মূল্যায়নের প্রয়োজনীয়তা কী তা বলতে পারবেন।
- শেয়ার মূল্যায়নের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ কী কী তা ব্যাখ্যা করতে পারবেন।



শেয়ার মূল্যায়নের প্রয়োজনীয়তা

Necessities of the valuation of shares

একটি যৌথ মূলধনী কোম্পানির মোট মূলধনকে কতগুলো ক্ষুদ্র ক্ষুদ্র সমান অংশে ভাগ করা হয়, এরূপ প্রত্যেকটি অংশকে এক একটি শেয়ার বলা হয়। একটি কোম্পানির শেয়ারের মূল্য দ্বারা সব সময় আর্থিক অবস্থা সঠিক ভাবে অনুমান করা যায় না। কারণ শেয়ারের মূল্য বাজারে শেয়ারের চাহিদা, ব্যাংকের সুদের হার, আয়করের হার, রাজনৈতিক প্রভাব ইত্যাদি কারণে উঠানামা করে। যে সকল কোম্পানি শেয়ার বাজারে তালিকাভুক্ত নয় অথবা তালিকাভুক্ত থাকলেও দৈনিক তালিকায় প্রদত্ত মূল্য বিশেষ কোনো কারণে গ্রহণযোগ্য নয় সে সকল ক্ষেত্রে শেয়ারের মূল্য নিরূপন করার প্রয়োজন হয়। এছাড়াও নিম্নলিখিত ক্ষেত্রে শেয়ার মূল্যায়নের প্রয়োজন হয় :

- ১) একজন শেয়ার হোল্ডার অন্য একজন শেয়ার হোল্ডারের কাছে শেয়ার বিক্রয় করলে,
- ২) কর নির্ধারণের ক্ষেত্রে,
- ৩) দুই বা ততোধিক কোম্পানি একত্রিকরণের সময়,
- ৪) এক শ্রেণির শেয়ার অন্য শ্রেণিতে রূপান্তর করার সময়,
- ৫) ঋণদানের সময় শেয়ার জামানত হিসেবে গ্রহণ করা হলে,
- ৬) কোম্পানির অধিকাংশ শেয়ার ক্রয় বিক্রয় করার সময় এবং
- ৭) অর্থ লগ্নিকারী কোম্পানির সম্পত্তি মূল্যায়নের সময় শেয়ারের মূল্যায়ন করতে হয়।

শেয়ার মূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

Factors affecting the valuation of share

সুনাম মূল্যায়নে যেমনি ভাবে প্রভাব বিস্তারকারী উপাদান আছে, তেমনি শেয়ার মূল্যায়নেও প্রভাব বিস্তারকারী উপাদান রয়েছে। অনেক সময় শেয়ারের প্রকৃত মূল্য অভিহিত মূল্য অপেক্ষা কম বা বেশি দেখানো হয়। যে সকল কারণে শেয়ারের মূল্য পরিবর্তিত হয়, সে সকল উপাদানগুলো নিম্নে উল্লেখ করা হলো :

- ১) কোম্পানির ব্যবসায়ের ধরন, আকার বা প্রকৃতি ২) কোম্পানির মুনাফা অর্জনের ক্ষমতা ৩) শেয়ার বাজারে সংশ্লিষ্ট কোম্পানির শেয়ারের চাহিদা ও যোগান ৪) দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা ৫) দেশের রাজনৈতিক অবস্থা ৬) ব্যাংকের সুদের হার ও মুদ্রা নীতি ৭) সরকারের অর্থনৈতিক কৌশল ৮) কোম্পানির মূলধনের অবস্থা ৯) কোম্পানির পূর্বের, বর্তমান এবং ভবিষ্যত আর্থিক অবস্থা ১০) কোম্পানির ব্যবস্থাপনা পর্ষদের দক্ষতা ও অভিজ্ঞতা ১১) বোনাস বা রাইট শেয়ার ইস্যুর সম্ভাবনা এবং ১২) লভ্যাংশ ঘোষণা ইত্যাদি।



সারসংক্ষেপ :

শেয়ার বিক্রয়, কর নির্ধারণ, কোম্পানি একত্রিকরণ, এক শ্রেণির শেয়ার অন্য শ্রেণিতে রূপান্তরকরণ, শেয়ার জামিনে গ্রহণের ক্ষেত্রে শেয়ার মূল্যায়ন করা দরকার। ব্যবসায়ের ধরন, কোম্পানির মুনাফা অর্জনের ক্ষমতা, শেয়ারের চাহিদা ও যোগান, দেশের অর্থনৈতিক অবস্থা, রাজনৈতিক অবস্থা, ব্যাংকের সুদের হার, সরকারের অর্থনৈতিক কৌশল ইত্যাদি বিষয়গুলো শেয়ারমূল্য নির্ধারণে প্রভাব বিস্তার করে।

পাঠ-২.৫

শেয়ার মূল্যায়নের পদ্ধতিসমূহ
Methods of Share Valuation

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- শেয়ার মূল্যায়নের পদ্ধতিসমূহ সম্পর্কে বলতে পারবেন।
- শেয়ার মূল্যায়নের পদ্ধতিসমূহের মাধ্যমে গাণিতিক সমস্যা সমাধান করে শেয়ারের মূল্য নির্ণয় করতে পারবেন।



শেয়ার মূল্যায়ন পদ্ধতি

Methods of share valuation

প্রত্যেকটি শেয়ারের একটি লিখিত মূল্য থাকে, যাকে আমরা অভিহিত মূল্যও বলে থাকি। শেয়ার বাজারে তালিকাভুক্ত কোম্পানির শেয়ারের দাম বাস্তবভিত্তিক কিনা তা যাচাই করার জন্য শেয়ার মূল্যায়ন দরকার হয়। শেয়ার মূল্যায়ন পদ্ধতি প্রধানত তিন প্রকার। যথা :

- সম্পত্তিভিত্তিক পদ্ধতি (Assets based method)
- উপার্জন ক্ষমতাভিত্তিক পদ্ধতি (Earning capacity/Yield basis method)
- ন্যায্য মূল্য পদ্ধতি (Fair value method)

শেয়ার মূল্যায়নের পদ্ধতিসমূহ নিম্নে বিস্তারিত আলোচনা করা হলো :

ক) সম্পত্তিভিত্তিক পদ্ধতি (Assets based method) : এ পদ্ধতিতে কোম্পানির শেয়ারের মূল্য নির্ধারণ করতে হলে প্রথমত কোম্পানির মোট সম্পত্তির এবং দায়ের মূল্য বের করতে হবে। দ্বিতীয়ত মোট সম্পত্তির মূল্য হতে বাহ্যিক দায়সমূহ বিয়োগ করে শেয়ার হোল্ডারদের পাওনার পরিমাণ বের করতে হবে। তৃতীয়ত এ প্রাপ্য পাওনার পরিমাণকে মোট বিলিকৃত শেয়ার সংখ্যা দ্বারা ভাগ করলে প্রতি শেয়ার মূল্য পাওয়া যাবে। নিট সম্পদের মূল্যের ভিত্তিতে শেয়ার মূল্যায়ন করা হয় বলে এ পদ্ধতিকে সম্পত্তিভিত্তিক পদ্ধতি বা উদ্বৃত্তপত্র পদ্ধতি বা নিট মূল্য পদ্ধতি বা প্রকৃত মূল্য পদ্ধতি বা সমাপনী মূল্য পদ্ধতিও বলা হয়।

Example : Following is the Balance Sheet of Rajbari Limited as on 31st December, 2018.

Liabilities	Tk.	Assets	Tk.
Share capital : 90,000 shares @ Tk. 10	9,00,000	Goodwill	1,40,000
Reserves	3,00,000	Furniture less depreciation	80,000
Profit and Loss A/c	1,50,000	Bills receivable	60,000
Bills payable	1,50,000	Debtors	4,50,000
Creditors	2,00,000	Investment in govt. securities	80,000
		Stock	4,50,000
		Cash at bank	3,00,000
		Preliminary expenses	1,40,000
Total	17,00,000	Total	17,00,000

Required : On the basis of above Balance Sheet, you are required to calculate the value of share of the company using assets based method

Solution :

Total assets :	Tk.
Goodwill	1,40,000
Furniture less depreciation	80,000
Bills receivable	60,000
Debtors	4,50,000

Investment in govt. securities	80,000
Stock	4,50,000
Cash at bank	<u>3,00,000</u>
	Tk. 15,60,000
Less: External liabilities :	
Bills payable Tk. 1,50,000	
Creditors <u>2,00,000</u>	<u>3,50,000</u>
Net Assets :	<u>12,10,000</u>
So, the value of ordinary share:	
(Net assets ÷ Number of ordinary share)	
(Tk. 2,10,000 ÷ 90,000)	Tk. <u>13.44</u>
Note : Fictitious assets are not included with total assets, here preliminary assets is a fictitious assets.	

(খ) উপার্জন ক্ষমতা ভিত্তিক পদ্ধতি (**Earning capacity/Yield basis method**) : এ পদ্ধতি মোতাবেক কোম্পানি বিনিয়োগকৃত মূলধনের উপর সম্ভাব্য আয়ের ভিত্তিতে শেয়ারের মূল্য নিরূপণ করে থাকে। বিনিয়োগকৃত অর্থের উপর বিনিয়োগকারী যে আয় (return) পেয়ে থাকে তাকেই সংশ্লিষ্ট বিনিয়োগের উৎপাদিত আয় (Yield) বলে। এ উৎপাদিত আয়কে শতকরা হারে প্রকাশ করে ঐ হারের ভিত্তিতে সমজাতীয় কোম্পানির আয়ের হার বিবেচনা করে শেয়ারের মূল্য নির্ধারণ করা হয়। শেয়ারের উৎপাদিত আয়ের হার গণনা করা হয় এর নগদ মূল্যের উপর। কিন্তু শেয়ারের লভ্যাংশ গণনা করা হয় এর আদায়কৃত মূল্যের উপর। উদাহরণ স্বরূপ জনাব স্বপন গাজী কোনো কোম্পানির ১০ টাকা মূল্যের শেয়ারের মালিক। সে উক্ত শেয়ারের উপর শতকরা ১৮ টাকা হারে লভ্যাংশ পায়। একই জাতীয় কারবারের বিনিয়োগের উপর উৎপাদিত স্বাভাবিক আয়ের হার যদি ১০ টাকা হয় তবে জনাব স্বপনগাজী ঐ শেয়ারটি $(১০ \times ১৮)/১০ = ১৮$ টাকার কমে বিক্রয় করবে না। কারণ সে এমন মূল্যে শেয়ার বিক্রয় করবে, যাতে বিক্রয়লব্ধ অর্থ অন্যত্র বিনিয়োগ করলেও তার আয় কম হবে না।

(গ) শেয়ারের ন্যায্য মূল্য পদ্ধতি (**Fair value method**) : কোম্পানির শেয়ারের সম্পত্তিভিত্তিক অন্তর্নিহিত মূল্য এবং বাজার মূল্যের গড়কে শেয়ারের ন্যায্য মূল্য বলে। শেয়ারের ন্যায্য মূল্য বের করতে হলে প্রথমে শেয়ারের অন্তর্নিহিত মূল্য ও শেয়ারের বাজার মূল্য নিরূপণ করতে হয়। এ দুই মূল্যের সমষ্টিকে দুই দ্বারা ভাগ করলেই শেয়ারের ন্যায্য মূল্য পাওয়া যায়।

$$\text{সূত্র: শেয়ার প্রতি ন্যায্য মূল্য} = (\text{অন্তর্নিহিত মূল্য} + \text{বাজার মূল্য}) \div ২$$

উদাহরণ : ২০১৮ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে খুলনা লিঃ এর উদ্বৃত্তপত্র ছিল নিম্নরূপ।

দায়	টাকা	সম্পত্তি	টাকা
শেয়ার মূলধন : অনুমোদিত ও পরিশোধিত ১০ টাকার মূল্যের ১,০০,০০০ শেয়ার পূর্ব পরিশোধিত	১০,০০,০০০	দালানকোঠা	২,০০,০০০
সঞ্চিতি তহবিল	৪,০০,০০০	আসবাবপত্র	৫,০০০
অবচয় তহবিল দালান ও বিনিয়োগ	১,১০,০০০	৫% সরকারী বন্ডে বিনিয়োগ	৮,০০,০০০
পাওনাদার	১,১৪,০০০	মজুদ	৭,৫০,০০০
কুঋণ সঞ্চিতি	১৬,০০০	দেনাদার	৭,২০,০০০
লাভ ক্ষতির হিসাব :		ব্যাংক ব্যালেন্স	২,৪০,০০০
৩১ শে ডিসেম্বর	৯,২০,০০০		
চলতি বছরের হিসাব	<u>১,৮০,০০০</u>		
	১১,০০,০০০		
মোট	<u>২৭,৪০,০০০</u>	মোট	<u>২৭,৪০,০০০</u>

এখানে প্রকাশ থাকে যে, ২০১৯ সালের জন্যও কোম্পানি একই ভাবে পরিচালিত হবে। বিগত চার বছরের মুনাফা বার্ষিক ৫০,০০০ টাকা বৃদ্ধি পায়। বর্তমানে দালানকোঠার মূল্য হলো ২,৪০,০০০ টাকা এবং আসবাবপত্রের মূল্য হলো ৮,০০০ টাকা। সমজাতীয় ব্যবসায় নিযুক্ত কোম্পানিসমূহ তাদের শেয়ারের বাজার মূল্যের উপর ১২% হারে মুনাফা অর্জনের ক্ষমতা দেখা যায়।

করণীয় : বিস্তারিত গণনা করে প্রতি শেয়ারের ন্যায্য মূল্য নির্ণয় কর।

সমাধান :

১। গড় মূলধন বিনিয়োগ :

বিবরণী	টাকা
সম্পত্তিসমূহ :	
দালানকোঠা	২,৪০,০০০
আসবাবপত্র	৮,০০০
মজুদ	৭,৭৫,০০০
বিবিধ দেনাদার	৭,২০,০০০
ব্যাংক ব্যালেন্স	২,৪০,০০০
মোট সম্পত্তি	১৯,৮০,০০০
বাদ:	
পাওনাদার	১,১৪,০০০
২০১৮ সালের মুনাফার অর্ধেক	৯০,০০০
বিনিয়োগকৃত গড় মূলধন	১৭,৭৬,০০০

গড় মুনাফা নির্ণয় :

দেওয়া আছে, প্রতি বছরের ৫০,০০০ টাকা হারে বৃদ্ধি পায়।

তাহলে বিগত চার বছরের মুনাফা হবে

বৎসর	টাকা
২০১৮ সালের মুনাফা	১,৮০,০০০
২০১৭ সালের মুনাফা (৫০,০০০ টাকা কমবে)	১,৩০,০০০
২০১৬ সালের মুনাফা (৫০,০০০ টাকা কমবে)	৮০,০০০
২০১৫ সালের মুনাফা (৫০,০০০ টাকা কমবে)	৩০,০০০
চার বছরের মোট মুনাফা	৪,২০,০০০
চার বছরের বার্ষিক গড় মুনাফা (৪,২০,০০০ ÷ ৪)	১,০৫,০০০

অতি মুনাফা নির্ণয় :

বিবরণী	টাকা
বার্ষিক গড় মুনাফা	১,০৫,০০০
বাদ: অকারবারী মুনাফা বিনিয়োগের উপর ৫%	৪০,০০০
সমন্বিত গড় মুনাফা	৬৫,০০০
গড় বিনিয়োগকৃত মূলধনের উপর স্বাভাবিক মুনাফা ১২% = (১৭,৭৬,০০০ × ১২) / ১০০	২,১৩,৮৮০

সমন্বিত গড় মুনাফা, স্বাভাবিক গড় মুনাফা হতে অনেক কম হওয়ায় কোম্পানির অতিমুনাফা অর্জনের ক্ষমতা নেই বলে প্রতিষ্ঠানের সুনাম নির্ণয় করা হলো না।

সম্পত্তিভিত্তিক পদ্ধতি :

সম্পত্তিসমূহ	টাকা
দালান	২,৪০,০০০
আসবাবপত্র	৮,০০০
মজুদ	৭,৭৫,০০০
বিবিধ দেনাদার	৭,২০,০০০
ব্যাংক	২,৪০,০০০
বিনিয়োগ (৮,০০,০০০-৮০,০০০)	৭,২০,০০০
মোট সম্পত্তি	২৭,০৩,০০০
বাদ: পাওনাদার	১,১৪,০০০
নিট সম্পত্তি	২৫,৮৯,০০০

সুতরাং, শেয়ারের অন্তর্নিহিত মূল্য = $২৫,৮৯,০০০ \div ১,০০,০০০ = ২৫.৮৯$ টাকা।

উপার্জনভিত্তিক পদ্ধতি :

পূর্বে গড় মুনাফা = ১,০৫,০০০ টাকা

ক্রমবর্ধমান বার্ষিক মুনাফার ভিত্তিতে সমস্ত মুনাফা শেয়ার হোল্ডারদের মধ্যে বন্টন করা হলে লভ্যাংশ বন্টনের হার হবে = $(১,০৫,০০০ \times ১০০) \div ১০,০০,০০০ = ১০.৫০\%$

সুতরাং, লভ্যাংশের হারে শেয়ারের মূল্য হবে = $(১০.৫ \times ১০০) \div ১০ = ১০৫$ টাকা

অতএব, প্রতিটি শেয়ারের ন্যায্য মূল্য = $(অন্তর্নিহিত মূল্য + বাজার মূল্য) \div ২ = (২৫৮.৯ + ১০৫) \div ২ = ১৮১.৯৫$ টাকা।

Example : Mr. Mushtafizur Rahman holds 7,000 equity shares in Mashrafi Ltd. the nominal and paid up capital consists of (i) 25,000 equity shares of Tk. 1 each, (ii) 12,000, 5% preference shares of Tk. 1 each. (Note: the preference shares do not participate further in the profit)

Other Information:

The normal annual net profit of such a company is Tk. 8,000 and the normal return by way of dividend on the paid up value of equity share capital for the type of business carried out by the Company is 10%.

Requirement : Calculate the equity share value of the company.

Solution :

Annual net profit	Tk. 8,000
Less: 5% dividend of preference shares	<u>600</u>
Profit divided to equity share holders	7,400

So, Actual earning rate = $\frac{7,400}{25,000} \times 100 = 29.6\%$

For 7,000 equity share value is = $\frac{29.6}{10} \times 1 \times 7,000 = \text{Tk. } 20,720$



সারসংক্ষেপ :

কোনো কোম্পানির শেয়ার মূল্যায়নের ক্ষেত্রে আমরা সাধারণত সম্পত্তিভিত্তিক পদ্ধতি, উপার্জন ক্ষমতাভিত্তিক পদ্ধতি এবং ন্যায্য মূল্য পদ্ধতি প্রয়োগ করে থাকি।



ইউনিট মূল্যায়ন

- ১। সুনাম কী? সুনামের প্রকৃতি ও প্রকারভেদ বর্ণনা করুন। (What is goodwill. Describe the nature and types of goodwill.)
- ২। সুনাম মূল্যায়নের প্রয়োজনীয়তা বর্ণনা করুন। (Describe the necessities of the valuation of goodwill)
- ৩। সুনাম মূল্যায়নের উপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো আলোচনা করুন। (Discuss the factors affecting for the valuation of goodwill).
- ৪। শেয়ার মূল্যায়নের প্রয়োজনীয়তা বর্ণনা করুন। (Describe the necessities for the valuation of share).
- ৫। শেয়ার মূল্যায়নের উপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো আলোচনা করুন। (Explain the factors affecting the valuation of share).
- ৬। Following is the Balance Sheet of Jumuna Limited as on 31st December, 2018.

Liabilities	Taka	Assets	Taka
Share capital	6,00,000	Goodwill	80,000
General reserve	80,000	Land and building	2,30,000
Profit and loss A/c	95,000	Plant and equipment less dep.	2,50,000
Bank overdraft	1,10,000	Debtors	2,60,000
Provisions for taxation	65,000	Closing stock	2,80,000
Creditors	1,50,000		
Total	11,00,000	Total	11,00,000

Profit earned by the company before provisions have been as follows :

2013- Tk. 2,10,000; 2014- Tk. 3,05,000; 2015- Tk. 3,00,000; 2016- Tk. 3,10,000; 2017- Tk. 3,20,000. Provision for taxations may be made at 40%. Fair returned on capital employed in similar business may be taken at 10%.

Requirements : Ascertain the value of goodwill of the business using the capitalization method.

- ৭। Jamal Limited agreed to takeover the business of Kamal Limited with effect from 1st January 2018. The purchasing company agreed to pay for the assets as per book value and also to pay for goodwill to be calculated at 5 times of the average net profit of the last five years. Profits for the year 2013 to 2017 were Tk. 60,000; Tk. 58,000; Tk. 66,000; Tk. 70,000; and Tk. 48,000, respectively. In 2017 there was an abnormal loss of Tk. 30,000 due to loss of stock by theft. Calculate the amount to be paid for goodwill using the certain years purchase of past average profit method.
- ৮। Hassan Limited decides to takeover the business of Hossain Limited, agreeing to pay for goodwill on the basis of 4 times of the average super profit of the last five years. From the following information. Calculate the amount to be paid for goodwill :
Average capital employed in Hossain Limited is Tk. 25,00,000, similar companies carrying on similar business normally earn 12% on average capital employed. Profits of Rahim Limited for last 5 years are: Tk. 4,06,000; Tk. 4,46,000; Tk. 4,86,000; Tk. 5,06,000; and Tk. 5,56,000, respectively.

৯। There are some information from the Nayagra Corporation as follows:

- (a) Average capital investment in the business Tk. 25,50,000
- (b) Sundry assets of the Corporation Tk. 16,00,000 and current liabilities Tk. 2,00,000.
- (c) Remuneration to the partners for their service Tk. 40,000 per year.
- (d) Net trading profit of the firm for the previous three years are: 1st year Tk. 2,30,000; 2nd year Tk. 2,20,000; and 3rd year Tk. 2,50,000.
- (e) Rate of interest expected from capital having regard to the risk involved 10%.

Requirements: Calculate the goodwill of the firm on the basis of the super profit method.

১০। The issued capital of Khulna Ltd. consists of 90,000 shares of Tk. 100 each fully paid. In this company, 10% on the paid up capital is considered to be the normal rate of profits. The profit of the company available for the distribution to shareholders in 2018 is Tk. 12,00,000 and the company is expected to earn like amount in future.

Requirement : Calculate the value of each share of the Khulna Ltd.

১১। Following is the Balance Sheet of ABC Limited as on 31st December, 2018.

Liabilities	Tk.	Assets	Tk.
Share capital : 70,000 shares @ Tk. 10	7,00,000	Goodwill	1,40,000
Reserves	3,00,000	Furniture less depreciation	80,000
Profit and Loss A/c	1,50,000	Bills receivable	60,000
Bills payable	1,50,000	Debtors	4,50,000
Creditors	2,00,000	Investment in govt. securities	80,000
		Stock	2,50,000
		Cash at bank	3,00,000
		Preliminary expenses	1,40,000
Total	15,00,000	Total	15,00,000

Requirements : On the basis of above Balance Sheet, you are required to calculate the value of a share of the company using the assets based method.